



## নোটিশ

এতদ্বারা ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ ও প্রগ্রেসিভ নাসরী স্কুল, ময়মনসিংহ এর সকল ছাত্র/ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত প্রতিযোগিতায় কোন শিক্ষার্থী অংশ গ্রহণ করতে চাইলে সম্মানিত অভিভাবক নিজ দায়িত্বে নিয়ে যাবেন।

### (ক) রচনা প্রতিযোগিতা :

গ্রুপ	শ্রেণি	রচনা বিষয়	শব্দসীমা	রচনা প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
ক.	পঞ্চম—অষ্টম	স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়	৮০০	প্রতিযোগীগণকে আগামী ২৩/০৩/২০২৫ খ্রি. বেলা ১১:৩০ মি. গণগ্রন্থাগারে স্ব-শরীরে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে হবে।
খ.	নবম—দশম	স্বাধীনতার স্বপ্ন ও বাস্তবতা	১০০০	

### (খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা :

গ্রুপ	শ্রেণি/বয়স	চিত্রাঙ্কনের বিষয়	চিত্রাঙ্কনের স্থান, তারিখ ও সময়
ক.	শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	চিত্রাঙ্কন ২৩/০৩/২০২৫ তারিখ সকাল ১০টায় অত্র গণগ্রন্থাগারের পাঠকক্ষে অনুষ্ঠিত হবে।
খ.	তৃতীয় থেকে সপ্তম শ্রেণি	উন্মুক্ত	

### শর্তাবলী :

- ১। রচনায় অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় কাগজ গ্রন্থাগার থেকে সরবরাহ করা হবে। রচনার টপশীটে প্রতিযোগীর প্রয়োজনীয় তথ্যাদি (মোবাইল নম্বরসহ) সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে।
- ২। শিক্ষার্থীর ক্ষেত্রে স্টুডেন্ট আইডি এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি রচনার সাথে জমা দিতে হবে।
- ৩। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য সরঞ্জামাদি (রং, তুলি, পেন্সিল ইত্যাদি) সঙ্গে নিয়ে আসতে হবে।
- ৪। চিত্রাঙ্কন প্রতিযোগীকে রেজিস্ট্রেশন ফরম পূরণ করে তৎসহ শ্রেণি প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র/স্টুডেন্ট আইডি'র ফটোকপি জমা দিতে হবে।
- ৫। বিস্তারিত তথ্যের জন্য বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহে যোগাযোগ করা যেতে পারে।

প্রধান শিক্ষক

ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ